



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো অর্থবছর 2021-এর কার্যনির্বাহী বাজেটে শিশুদের বিরুদ্ধে সংঘটিত ইন্টারনেট অপরাধ তদন্তে স্টেট পুলিশকে (STATE POLICE) শক্তিশালী করার উদ্দেশ্যে আইন ঘোষণা করলেন

আইনটি স্টেট পুলিশের সুপারইনটেন্ডেন্টকে অনলাইনে শিকারীদের খুঁজে বের করার উদ্দেশ্যে প্রশাসনিক সাবপিনা জারির অনুমতি দেবে

সাবপিনা শিশু সংশ্লিষ্ট অনলাইন যৌন অপরাধ বিষয়ক সূত্র বিষয়ে স্টেট পুলিশের দ্রুত পদক্ষেপ নেয়াকে নিশ্চিত করবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ অর্থ বছর 2021-এর কার্যনির্বাহী বাজেটে আইন ঘোষণা করেছেন যা স্টেট পুলিশ সুপারইনটেন্ডেন্ট-কে স্টেট পুলিশ কর্তৃক শিশুদের বিরুদ্ধে ইন্টারনেট অপরাধের তদন্ত করার অধিকার হিসেবে প্রশাসনিক তলব করাকে অনুমোদন প্রদান করে। এই নতুন ক্ষমতা স্টেট পুলিশকে অপরাধবয়স্কদের অনলাইন যৌন নির্যাতনের সাথে সংশ্লিষ্ট রয়েছে এমন সন্দেহভাজন ব্যক্তিদের শনাক্ত এবং সঠিক অবস্থান খুঁজে বের করার উদ্দেশ্যে, তাদের অনলাইন রেকর্ড পাওয়ার প্রয়োজনীয় সাবপিনা প্রক্রিয়াটি সহজ করার মাধ্যমে দ্রুত পদক্ষেপ নিতে সমর্থ করবে।

"আমাদের শিশুদের সুরক্ষার জন্য এবং অনলাইন যৌন নিপীড়নের সৃষ্টিত করে দেয়ার মত বিশ্বাসকে ঠেঁকাতে আমাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "অনলাইনে শিকারীদের ওয়েবে আবার পালিয়ে যেতে সক্ষম হবার পূর্বেই তাদের শনাক্ত এবং গ্রেপ্তার করার আরো বেশি দক্ষতার মাধ্যমে আমরা এই শিকারীদের বিচারের আওতায় আনতে এবং নিউ ইয়র্কের শিশুকে আরও ভালভাবে সুরক্ষিত করার উদ্দেশ্যে আরও বেশি প্রস্তুত থাকব।"

স্টেট পুলিশ প্রায়শই শিশু সংশ্লিষ্ট অনলাইন যৌন অপরাধ বিষয়ে সূত্র পায় যার মধ্যে থাকে সন্দেহভাজন ব্যক্তির শুধুমাত্র আইপি (IP) ঠিকানা বা অনলাইন সূচক। যদি এটি প্রমাণিত হয় যে কোনও অপরাধ সংঘটিত হয়েছে, তাহলে সন্দেহভাজন ব্যক্তিকে শনাক্ত করতে এবং তার অবস্থান নির্ধারণ করার জন্য ইন্টারনেট পরিষেবা সরবরাহকারীদের কাছ থেকে প্রাথমিক গ্রাহক অ্যাকাউন্টের রেকর্ড গ্রহণ করার উদ্দেশ্যে একটি সাবপিনা প্রয়োজন হয়। এই তদন্তে দ্রুততা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ ইন্টারনেট পরিষেবা প্রদানকারী সংস্থাগুলো দীর্ঘদিন এই তথ্য সংরক্ষণ করে না এবং অনলাইন শিকারীরা প্রায়শই নিয়মিতভাবে শনাক্তকরণ এড়ানোর জন্য IP ঠিকানা পরিবর্তন করে।

বর্তমান তদন্ত প্রক্রিয়ায় বাইরের কোনও এজেন্সি কর্তৃক সাবপিনা জারি করার প্রয়োজন হয়। এটি জটিল এবং অদক্ষ বলে প্রমাণিত হয়েছে, যা তদন্তকারীদের দ্রুত এবং কার্যকরভাবে পদক্ষেপ নিতে বাধা দেয়। অতীতে, প্রয়োজন সাবপিনা পাওয়ার এই বিলম্ব প্রায়শই নিশ্চিতভাবে অপরাধীদের পালাতে সক্ষম হবার কারণ হয়েছে।

ফেডারেল আইন এই তদন্তগুলোকে সহায়তা করার জন্য সরকারী সংস্থাগুলোকে প্রশাসনিক সাবপিনা জারি করার অনুমতি দেয়, তবে এই ক্ষমতা অবশ্যই স্টেট আইনের অধীনে বিশেষভাবে অনুমোদিত হতে হয়। গভর্নরের প্রস্তাবটি ঠিক তাই করে এবং স্টেট পুলিশকে একই তদন্ত হাতিয়ার ব্যবহার করার অনুমতি দিবে যা বর্তমানে দেশের অন্যান্য স্থানীয় এবং স্টেট আইন প্রয়োগকারী সংস্থাগুলো আমাদের অল্পবয়স্ক এবং সবচেয়ে ঝুঁকিপূর্ণ শিকারদের লক্ষ্য করে অনলাইন অপরাধের দ্রুতবর্ধমান সংঘাতের বিরুদ্ধে লড়াই করতে ব্যবহার করে। উপরন্তু, এই উদ্যোগের অংশ হিসাবে, অনলাইন যোগাযোগের প্রকৃত বিষয়বস্তু এই প্রস্তাবের অধীনে তলনা দ্বারা পাওয়া যাবে না, এবং বিষয়বস্তুর রেকর্ড প্রকাশ করলে আদালতের অনুমোদনের প্রয়োজন হবে।

স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "এই প্রস্তাবটি শিশুদের বিরুদ্ধে হওয়া ইন্টারনেট অপরাধ তদন্তের জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার প্রদান করে, যা সন্দেহভাজনদেরকে শনাক্তকরণ এড়ানোর জন্য সক্রিয় হবার পূর্বেই তাদের দ্রুত শনাক্ত করতে আমাদের সহায়তা করে। এটি অনলাইন শিকারীরা আরও বেশি ক্ষতি করার পূর্বেই জবাবদিহিতার অধীনে নিয়ে আসার আমাদের চূড়ান্ত লক্ষ্যকে সহায়তা করে।"

স্টেট পুলিশ নিউইয়র্ক স্টেট ইন্টারনেট ক্রাইমস অ্যাগেইনস্ট চিলড্রেন টাস্ক ফোর্স (New York State Internet Crimes Against Children Task Force) – এর একটি গুরুত্বপূর্ণ সদস্য, যা একটি জাতীয় কর্মসূচির অংশ যেটি শিশুদের বিরুদ্ধে যৌন নির্যাতন ও প্রলোভন সহ ইন্টারনেটের মাধ্যমে করা ফৌজদারি অপরাধের বিরুদ্ধে লড়াই এবং তদন্ত করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)